



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.১৮২.২০১৯-/৪৩৪৫/৫

তারিখঃ

২২/১০/১৪২৬ বঙ্গাব্দ
০৭/১০/২০১৯ খ্রিস্টাব্দ

বিষয় : কারণ দর্শানো ব্যাখ্যা।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, কুমিল্লা জেলার আদর্শ সদর উপজেলাধীন কুমিল্লা মহিলা মহাবিদ্যালয়ে পৌরনীতি বিষয়ের প্রভাষক জনাব জেবুন নাহার (ইনডেক্স নম্বর-৪২৭৮২৩) এর বিরুদ্ধে আনিত অভিযোগের বিষয়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর থেকে ১২/০৫/২০১৯খ্রি. তারিখে নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.১৮২.২০১৯/১৭৮৩/৮ স্মারক পত্রে পরিচালক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, কুমিল্লা অঞ্চল, কুমিল্লাকে তদন্ত কর্মকর্তা নিয়োগ দেয়া হয়। তদন্ত কর্মকর্তা সরেজমিনে তদন্ত করে প্রতিবেদন দাখিল করেছেন। তদন্ত কর্মকর্তা মতামত প্রদান করেন যে,

- ১। জনাব জেবুন নাহার অসুস্থতা ও অন্যান্য কারণ দেখিয়ে ০৩/০৭/২০১৩ তারিখ হতে কলেজ অনুপস্থিত থাকার বিষয়টির সত্যতা পাওয়া গেছে।
- ২। ২৫/০৩/২০১৫ তারিখে কলেজ গভর্নিং বডি'র সিদ্ধান্ত অনুযায়ী মানবিক দিক বিবেচনায় তাঁর অনুপস্থিতকালীন সময় হিসাব করে ২২৯ দিনের ছুটি মঞ্জুর করা হয় এবং ২৬/৪/২০১৫ তারিখের মধ্যে কলেজে যোগদানের জন্য চিঠি দেওয়া হয়। তারপরও তিনি কর্মস্থলে যোগদান করেননি যা চাকুরি বিধির পরিপন্থি।
- ৩। কলেজ কর্তৃপক্ষ আইনজীবী ও কুমিল্লা শিক্ষা বোর্ডের মতামত গ্রহণ করে জনাব জেবুন নাহারের অসাধারণ ছুটি না মঞ্জুর করে ২৯/১০/২০১৬ তারিখে গভর্নিং বডি'র সভায় জনাব জেবুন নাহার-কে চাকুরী থেকে সাময়িক বরখাস্ত করে এবং তাঁর বিরুদ্ধে আনিত অভিযোগের বিষয়ে একটি তদন্ত কমিটি গঠন করে। দীর্ঘ সময়েও তদন্ত কমিটি কোন প্রতিবেদন দেয়নি।
- ৪। জুন ২০১৫ হতে জনাব জেবুন নাহারের এমপিও স্থগিত করা হয়।
- ৫। সাময়িক বরখাস্ত দীর্ঘ সময় চলা সঠিক নয়। যেহেতু বেসরকারি কলেজের নিয়োগকারী কর্তৃপক্ষ গভর্নিং বডি তাই কলেজ গভর্নিং বডি কর্তৃক যথাযথ বিধি অনুসরণ পূর্বক অতি দ্রুত বিষয়টি নিষ্পত্তি করা বাঞ্ছনীয়।
- ৬। কলেজ কর্তৃপক্ষের নিকট কোন ডকুমেন্ট না থাকলেও পত্রিকার রিপোর্ট থেকে প্রতীয়মান হয় জনাব জেবুন নাহার কলেজ কর্তৃপক্ষের নিকট অনুমতিতে পিএইচডি ডিগ্রি অর্জন করেছেন।
- ৭। কলেজ কর্তৃপক্ষের নিকট কোন তথ্য না থাকায় ও জনাব জেবুন নাহার তার লিখিত বক্তব্যে কোন কিছু উল্লেখ না করায় এবং তদন্তকালে পাসপোর্টের কপি প্রদর্শন না করায় তার বিদেশ গমনের বিষয়ে কোন সিদ্ধান্তে আসা যায়নি।

তদন্ত কর্মকর্তার মতামত পর্যালোচনা করে দেখা যায়, জনাব জেবুন নাহার (ইনডেক্স নম্বর-৪২৭৮২৩) দীর্ঘদিন কলেজ কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কলেজে অনুপস্থিত রয়েছেন। বর্তমানেও কর্মস্থলে অনুপস্থিত আছেন।

এমতাবস্থায়, তদন্ত কর্মকর্তার তদন্ত প্রতিবেদনে জনাব জেবুন নাহার, প্রভাষক, পৌরনীতি (ইনডেক্স নম্বর-৪২৭৮২৩) দীর্ঘদিন অনুপস্থিত এবং বর্তমানে ও প্রতিষ্ঠানে অনুপস্থিত রয়েছেন। জনাব জেবুন নাহার, প্রভাষক, পৌরনীতি (ইনডেক্স নম্বর-৪২৭৮২৩) এ অনুপস্থিতির বিষয়ে কলেজ কর্তৃপক্ষ কর্তৃক কেন ব্যবস্থা গ্রহণ করা হয় নি এ বিষয়ের ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে ব্যাখ্যা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

Aladeh
০৭-১০-১৯

(মো: আবদুল কাদের)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং- ৯৫৫৬০৫৭

Email-ncollege@ dshe.gov.bd

অধ্যক্ষ

কুমিল্লা মহিলা মহাবিদ্যালয়

আদর্শ সদর, কুমিল্লা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা;
- ২। সভাপতি, পরিচালনা পরিষদ, কুমিল্লা মহিলা মহাবিদ্যালয়, আদর্শ সদর, কুমিল্লা;
- ৩। জেলা শিক্ষা অফিসার, আদর্শ সদর, কুমিল্লা;
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, আদর্শ সদর, কুমিল্লা;
- ৫। জনাব জেবুন নাহার, ইনডেক্স নম্বর-৪২৭৮২৩, প্রভাষক (পৌরনীতি), কুমিল্লা মহিলা মহাবিদ্যালয়, আদর্শ সদর, কুমিল্লা।
- ৬। সংরক্ষণ কপি।